

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ১৩, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

শ্রম শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ/১১ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং ২৮১-আইন/২০১৭।—যেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (E.P. Ordinance No. XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ১৩ এপ্রিল ১৯৯৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও নং-৭৩-আইন/৯৯-শ্রকম-৮/৮(২)/৯৯ দ্বারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা ঘোষণা করিয়াছিল এবং সর্বশেষ ২০ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও নং ৬৪-আইন/২০১৭ দ্বারা উক্ত প্রযোজ্যতা ৬ (ছয়) মাসের জন্য বর্ধিত করিয়াছিল, যাহার মেয়াদ ১২ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে উত্তীর্ণ হইবে; এবং

যেহেতু বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতার প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান রহিয়াছে;

সেহেতু উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদৰ্বাৰা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা আরও ৬ (ছয়) মাসের জন্য বর্ধিত কৰিল।

২। এই প্রজ্ঞাপন ১৩ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোরশেদা হাই  
সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

( ৯৭৯৩ )

মূল্য : টাকা ৮.০০